১৩ ভাদ্র ১৪৩০ বঙ্গাব্দ

সূত্র নং- বিএসইসি/ সার্ভেইল্যান্স/মুখপাত্র(৫ম খন্ড)/২০১৯/৩৮৮ তারিখ:

২৮ আগস্ট ২০২৩ খ্রিষ্টাব্দ

# প্রেস বিজ্ঞপ্তি

অদ্য ২৮ আগস্ট ২০২৩ তারিখে মরিশাসের স্ট্যান্ডার্ড চ্যার্টার্ড ব্যাংক (SCB) এর আয়োজনে এবং ইকোনমিক ডেভেলপমেন্ট বোর্ড অফ মরিশাস (EDBM) এর সহযোগিতায় বাংলাদেশ সিকিউরিটিজ অ্যান্ড এক্সচেঞ্জ কমিশন (বিএসইসি) ও বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (বিডা) এর অংশগ্রহণে মরিশাসে (Mauritius) 'The Rise of Bengal Tiger: Potentials of trade, business and investment' শীর্ষক একটি সামিট আয়োজন করা হয়। উল্লেখ্য যে, বৈশ্বিক বিনিয়োগকারীদের নিকট বাংলাদেশের পুঁজিবাজার এবং বাংলাদেশে বিনিয়োগের সুযোগ তুলে ধরার লক্ষ্যে বিশ্বের বিভিন্ন দেশে ধারাবাহিকভাবে 'বাংলাদেশ ইনভেস্টমেন্ট সামিট' এর আয়োজন করা হচ্ছে। এরই ধারাবাহিকতায় মরিশাসের স্ট্যান্ডার্ড চ্যার্টার্ড ব্যাংক (SCB) এর উদ্যোগে উক্ত সামিট আয়োজন করা হয়, যার প্রধান আলোচ্যসূচি ছিল বিদেশী বিনিয়োগের জন্য বাংলাদেশকে একটি আকর্ষণীয়, সহজতর এবং লাভজনক দেশ হিসেবে মরিশাস এবং এর পার্শ্ববর্তী দেশসমূহের বিনিয়োগকারীদের নিকট তুলে ধরা।

মরিশাসের এবনে (Ebene) অবস্থিত Hennessy Park Hotel-এ স্থানীয় সময় সকাল ০৯:৩০ ঘটিকায় ইনভেস্টমেন্ট সামিটটি শুরু হয়। অনুষ্ঠানে শুরুতেই উদ্বোধনী বক্তব্য রাখেন মরিশাসের স্ট্যান্ডার্ড চ্যার্টার্ড ব্যাংক (SCB) এর ব্যবস্থাপনা পরিচালক ও প্রধান নির্বাহী কর্মকর্তা Mr. Abrar Anwar এবং স্বাগত বক্তব্য রাখেন ইকোনমিক ডেভেলপমেন্ট বোর্ড অফ মরিশাস (EDBM) এর এক্সপোর্ট অ্যান্ড ইকোনমিক ডেভেলপমেন্ট বিষয়ে স্ট্র্যাটেজিক অ্যাডভাইজার Mr. Arvind Radhakrishna।

বিএসইসির চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলাম উক্ত অনুষ্ঠানে 'Bangladesh Economy: Potentials of trade, business and investment' শীর্ষক উপস্থাপনা প্রদান করেন। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের স্বপ্নের সোনার বাংলা গঠনে তারই সুযোগ্য কন্যা মাননীয় প্রধানমন্ত্রী শেখ হাসিনার নেতৃত্বে স্বাধীনতার মাত্র পঞ্চাশ বছরের ব্যবধানে উন্নয়নের রোল মডেলে পরিণত হওয়ার অভাবনীয় সাফল্যের কথা উল্লেখ করে বঙ্গবন্ধু কন্যার ভূয়সী প্রশংসা করেন তিনি। তিনি ভূরাজনৈতিকভাবে দক্ষিণ এশিয়ায় বাংলাদেশ কৌশলগত গুরুত্বপূর্ণ ও সুবিধাজনক অবস্থানের কথা উল্লেখ করেন এবং বাংলাদেশের তারুণ্যে উজ্জীবিত মানবসম্পদের সুযোগ-সম্ভাবনার কথা উল্লেখ করেন। তিনি বৈশ্বিক সামষ্টিক ও অর্থনৈতিক নানা সূচকে যেমনঃ জিডিপি প্রবৃদ্ধির উচ্চ হার, দারিদ্র্য হ্রাস, শিশুমৃত্যু হ্রাস, খাদ্য উৎপাদন বৃদ্ধি, কর্মক্ষেত্রে নারীর অংশগ্রহণ বৃদ্ধি, বৃহৎ দেশীয় বাজার, ডেমোগ্রাফিক ডিভিডেন্ড, দক্ষ জনবল, রাজনৈতিক স্থিতিশীলতা ইত্যাদি উল্লেখ করে বাংলাদেশের অর্থনৈতিক উন্নয়ন এবং সম্ভাবনার নানা

দিক তুলে ধরেন। একইসাথে তিনি পুঁজিবাজারকে দীর্ঘমেয়াদী অর্থায়নের প্রধান উৎস করার জন্য ক্রমাগত উন্নয়নের নিমিত্ত বিএসইসি কর্তৃক গৃহীত পদক্ষেপসমূহ উল্লেখ করেন এবং সংশ্লিষ্ট সকলের সহযোগিতা কামনা করেন।

'বাংলাদেশ বিনিয়োগ উন্নয়ন কর্তৃপক্ষ (BIDA)' এর নির্বাহী চেয়ারম্যান জনাব লোকমান হোসেন মিয়া উক্ত অনুষ্ঠানে বক্তব্য রাখেন। তিনি তথ্যবহুল বক্তব্য উপস্থাপনার জন্য বিএসইসি'র চেয়ারম্যান অধ্যাপক শিবলী রুবাইয়াত-উল-ইসলামকে ধন্যবাদ জানান। তিনি বাংলাদেশের রপ্তানী প্রক্রিয়াকরণ অঞ্চলগুলো, অর্থনৈতিক অঞ্চলগুলো এবং হাইটেক পার্কগুলো নিয়ে কথা বলেন এবং বাংলাদেশে বিনিয়োগের ক্ষেত্রে নানা সুযোগ-সুবিধার তথ্য তুলে ধরেন।

উক্ত ইনভেস্টমেন্ট সামিটে স্ট্যান্ডার্ড চ্যার্টার্ড ব্যাংক মরিশাসের CCIB কান্ট্রি হেড Mr. Rajnish Aubeeluck এর সঞ্চালনায় 'Investment opportunities in Mauritius' শীর্ষক একটি উচ্চ পর্যায়ের প্যানেল আলোচনা অনুষ্ঠিত হয়। প্যানেল আলোচনায় আলোচকবৃন্দ বিভিন্ন ক্ষেত্রে বাংলাদেশ ও মরিশাসে বিনিয়োগের সুযোগ ও সম্ভাবনার কথা তুলে ধরেন। এছাড়া বাংলাদেশে বিনিয়োগ বিষয়ক বিভিন্ন প্রশ্নের উত্তর উক্ত প্যানেল আলোচনায় আলোচিত হয়। মরিশাসের পক্ষে মূল প্রবন্ধ উপস্থাপন করেন Ms. Jaya Dookun। তিনি তার উপস্থাপনায় নিম্নলিখিত বিষয়ের উপরে গুরুত্বারোপ করেন: ১) ব্যবসা সম্প্রসারণ, ২) পর্যটন খাতের উন্নয়ন, ৩) জয়েন্ট ভেঞ্চার প্রজেক্ট স্থাপন। এছাড়াও ব্যবসা-বাণিজ্য সম্প্রসারণের ক্ষেত্রে বাংলাদেশে মরিশাসের দূতাবাস স্থাপনের বিষয়ে গুরুত্ব আরোপ করা হয়।

মরিশাসে এই সফল সামিটটি আয়োজনের ফলশ্রুতিতে দেশের পুঁজিবাজারে বিদেশী ও প্রবাসী বিনিয়োগকারীদের অংশগ্রহণ বৃদ্ধি পাবে এবং বাংলাদেশে বিপুল পরিমাণ বৈদেশিক বিনিয়োগ আসবে বলে উপস্থিত বিশেষজ্ঞগণ আশাবাদ ব্যক্ত করেন।

মোহাম্মদ রেজাউল করিম
নির্বাহী পরিচালক ও মুখপাত্র